দৈনিক ইনকিলাব

APR. 23 2002

পৃষ্ঠা ৭ কলাম ৬

## নতুন ভবনটি আইন অনুষদের জন্য বরাদ্দ দেয়ার দাবীতে ছাত্র-ছাত্রীদের ভিসির নিকট স্মারকলিপি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সায়েন্স এনেক্স ভবন সংলগ্ন নবনির্মিত ভবনটি আইন অনুষদের জন্য বরাদ্দ দেয়ার দাবীতে আইন বিভাগের ছাত্র-ছাত্রীরা গত (রবিবার) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশাল র‍্যালি ও ভিসির নিকট স্মারকলিপি পেশ করে। র‍্যালিতে আইন বিভাগের প্রায় পাঁচশ' ছাত্র-ছাত্রী অংশ নেয়। র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ছাত্র-ছাত্রীদের পক্ষে মোস্তাফিজুর রহমান সোহেল, সবুজ, শান্ত, আজাদ, মাহবুব, পল্লব প্রমুখসহ একটি প্রতিনিধিদল ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরীর নিকট স্মারকলিপি পেশ করে। ভিসি আইন বিভাগের ছাত্র-ছাত্রীদের দাবী মেনে নেয়ার আশ্বাস দেন। স্মারকলিপিতে উল্লেখ করা হয়, আইন বিভাগ একটি অনুষদ হওয়া সত্ত্বেও এর প্রয়োজনীয় অবকাঠামো নেই। প্রয়োজনীয় কক্ষ না থাকায় টার্ম বা টিউটোরিয়াল পরীক্ষার সময় কক্ষের অভাবে ক্লাস বন্ধ রাখা হয়। তাছাড়া যেসব কক্ষে ক্লাস হয় তা সংকীর্ণ। ছাত্র-ছাত্রীদের পক্ষে ক্লাস করা কষ্টসাধ্য হয়ে পড়েছে।